# তাহাজ্জুদের পর ভোটকেন্দ্র দখলের পরিকল্পনা চলছে: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও ঢাকা–১১ আসনের প্রার্থী নাহিদ ইসলাম অভিযোগ করেছেন, একটি পক্ষ তাহাজ্জুদের পর ভোটকেন্দ্র দখলের পরিকল্পনা করছে।

সোমবার (২৬ জানুয়ারি) রাতে লক্ষ্মীপুরের রামগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে ১১ দলীয় জোটের পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

লক্ষ্মীপুর–১ (রামগঞ্জ) আসনে ১১ দলীয় জোটের প্রার্থী ও এনসিপির যুগ্ম আহ্বায়ক মাহবুব আলমের সমর্থনে আয়োজিত এ কর্মসূচিতে নাহিদ ইসলাম বলেন, ভোটের আগমুহূর্তে কেন্দ্রে উপস্থিত হয়ে জোরপূর্বক সিল মারার তথ্য তাদের কাছে এসেছে। এমন পরিস্থিতি সৃষ্টি হলে জনগণ ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তুলবে বলেও তিনি মন্তব্য করেন।

২০০১ সালের নির্বাচনের প্রসঙ্গ টেনে তিনি দাবি করেন, অতীতে দেওয়া নানা প্রতিশ্রুতির বাস্তব প্রতিফলন মানুষ দেখেনি। কৃষক কার্ড বা ফ্যামিলি কার্ডের মতো বিষয়গুলোকে তিনি বিভ্রান্তিকর প্রচারণা হিসেবে উল্লেখ করেন।

দেশের প্রকৃত চ্যালেঞ্জ হিসেবে তিনি শিক্ষা ও স্বাস্থ্য খাতের দুরবস্থা, অর্থনীতির গতি ফেরানো, ঋণখেলাপি ও দুর্নীতিবাজদের আইনের আওতায় আনা এবং বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরির কথা তুলে ধরেন।

পথসভায় আরও বক্তব্য দেন এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজিব ভূইয়া, প্রার্থী মাহবুব আলম, ছাত্রনেতা তরিকুল ইসলাম, জামায়াত ও খেলাফত মজলিসসহ ১১ দলীয় জোটের স্থানীয় নেতারা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা এনসিপির সমন্বয়কারী মাসুম বিল্লাহ এবং সঞ্চালনা করেন অধ্যক্ষ ইমরান হোসেন।

LENS ASIA